

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-২  
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৮৫.০২.০০৭.১৬-৬৮৩

তারিখঃ ১১ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ  
২৬ অক্টোবর ২০১৭খ্রিস্টাব্দ

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান, একাডেমিক স্বীকৃতি, বিষয় খোলা, বিভাগ খোলা এবং অতিরিক্ত শ্রেণি খোলা সংক্রান্ত নীতিমালার খসড়া প্রস্তুতের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কর্মকর্তাদের সদস্য হিসেবে মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০২৬.১৬-৯২৫, তারিখ: ০৮/১০/২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় শিক্ষা মন্ত্রীর সভাপতিত্বে গত ২৬/০৯/২০১৭খ্রি: তারিখে অনুষ্ঠিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান, একাডেমিক স্বীকৃতি, বিষয় খোলা, বিভাগ খোলা এবং অতিরিক্ত শ্রেণি খোলা সংক্রান্ত নীতিমালার খসড়া প্রস্তুতের জন্য সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী সূত্রোক্ত স্মারকের মাধ্যমে একটি কমিটি গঠন করা হলেও গৃহীত সিদ্ধান্ত মোতাবেক মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অন্তর্ভুক্ত করা হয়নি। অধিকন্তু কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ দু'ধরনের শিক্ষা (কারিগরি ও- মাদ্রাসা) নিয়ে কাজ করলেও কমিটিতে একজন যুগ্মসচিবকে সদস্য রাখা হয়েছে। সঠিকভাবে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে উভয় অনুবিভাগের যুগ্মসচিবকে কমিটিতে অন্তর্ভুক্ত করা আবশ্যিক।

০২। এমতাস্বায়, গঠিত কমিটিতে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের যুগ্মসচিব (কারিগরি) ও যুগ্মসচিব (মাদ্রাসা)কে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(মো: আবদুল খালেক)  
সহকারী সচিব  
ফোন: ৯৫৪৯৩৯৬

সচিব  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
(দৃ:আ: যুগ্মসচিব, বেসরকারি মাধ্যমিক-১)

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
(পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)
- ৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অফিস কপি।